গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
সদরপুর, ফরিদপুর
www.dss.sadarpur.faridpur.gov.bd

নম্বর: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০০৫.২৬- ৮৩

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বে-সরকারি এতিমখানা সমূহের ২০২৫-২৬ অর্থবছরে ১ম কিস্তির বিল দাখিল প্রসঙ্গে।**

সূত্র: ৪১.০১.০০০০.০৬২.২০.০৫৯.১৮.৭২ তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৬১ ও বিধিমালা ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত বে-সরকারি এতিমখানা সমূহের অনুকূলে সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে ২০২৫-২৬ অর্থবছরে ১ম কিস্তির (জুলাই'২৫-ডিসেম্বর'২৫ পর্যন্ত) ক্যাপিটেশন গ্র্যান্ট (অনুদান) বরাদ্দ ও মঞ্জুরি পাওয়া যায়। 'ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা ২০২৪'তে বর্ণিত 'চেকলিস্ট' অনুযায়ী অত্র উপজেলায় ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বে-সরকারি এতিমখানা সমূহকে নিম্নোক্ত দলিলাদি সংযুক্ত সহকারে অনতিবিলম্বে বিল দাখিল করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১. নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদিত হালনাগাদ কার্যনির্বাহী কমিটির তালিকা;
২. নীতিমালায় বর্ণিত মালামাল ক্রয়কমিটি গঠন সংক্রান্ত সভার কার্যবিবরণী; ০৩ (তিন) সদস্য বিশিষ্ট ক্রয় কমিটির তালিকা;
৩. ক্যাপিটেশন গ্র্যান্ট বাবদ মাথাপিছু মাসিক বরাদ্দকৃত ২০০০/-টাকা হতে খাদ্য বাবদ ১,৬০০/- টাকা, পোষাক বাবদ ২০০/- টাকা এবং ওষুধ ও অন্যান্য বাবদ ২০০/- টাকা হারে ব্যয় সংক্রান্ত প্রয়োজনীয় বিল-ভাউচার সমূহ; ক্রয়কমিটি কর্তৃক দাখিলকৃত ও ব্যয়িত (পণ্য ক্রয়ের) বিল-ভাউচার **নিরীক্ষা ও অনুমোদন সংক্রান্ত** কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী;
৪. প্রতিষ্ঠানের বিগত দুই অর্থ-বছরের হালনাগাদ নিরীক্ষা প্রতিবেদন;
৫. এতিমগণ প্রাথমিক/সমমান/তদুর্ধ্ব শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত মর্মে সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের সীল/ স্বাক্ষরযুক্ত প্রত্যয়ন;
৬. এতিম/ সুবিধাবঞ্চিত ছাত্র-ছাত্রী নতুন ভর্তির ক্ষেত্রে নীতিমালায় বর্ণিত ভর্তি কমিটির সভার কার্যবিবরণী; প্রতিষ্ঠানে ভর্তিকৃত এতিম সুবিধাবঞ্চিত শিশুদের তালিকা কার্যনির্বাহী কমিটি'র সভায় অনুমোদন সংক্রান্ত সভার কার্যবিবরণী ও তালিকা;
৭. প্রতিষ্ঠানে ভর্তিকৃত এতিম/ সুবিধাবঞ্চিত নিবাসীদের ছবিসহ ভর্তি রেজিস্ট্রারে **উপজেলা নির্বাহী অফিসার** কর্তৃক প্রত্যয়ন;
৮. প্রতিষ্ঠানে ভর্তিকৃত সকল এতিম/ সুবিধাবঞ্চিত শিশুদের মধ্য হতে যেসকল এতিমশিশুর (নীতিমালার সঙ্গা অনুসারে) অনুকূলে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান করা হচ্ছে কেবলমাত্র তাঁদের তালিকা কার্যনির্বাহী পরিষদের সভায় অনুমোদন পূর্বক সভার কার্যবিবরণী ও অনুমোদিত এতিম/ সুবিধাবঞ্চিত শিশুর তালিকা;
৯. দাখিলকৃত তালিকায় এতিম/ সুবিধাবঞ্চিত শিশুর **প্রমাণক** হিসেবে 'পরিশিষ্ট-৮' এ বর্ণিত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সরবরাহকৃত **'পিতা-মাতার মৃত্যু, বিচ্ছেদ বা সুবিধাঞ্চিত শিশু'** মর্মে প্রত্যেক নিবাসীর ছবিযুক্ত পৃথক পৃথক সনদ/ প্রত্যয়ন;
১০. প্রতিষ্ঠানে ১০ (দশ) জনের কম নিবাসী বা ১৮ (আঠার) বছর তদুর্ধ্ব কোন ব্যক্তিকে ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান করা যাবেনা;

সংযুক্তি: বরাদ্দ পত্র, টি আর ফরম-২১ ও তথ্য বিবরণী ফরম-০২ ফর্দ;

০৫/০৬/২০২৬

কাজী শামীম আহমেদ
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
উপজেলা ক্যাপিটেশন গ্র্যান্ট মনিটরিং কমিটি
ফোন: ০২-৪৭৭৭৯৮১১১

প্রাপক,
সভাপতি/সাধারণ সম্পাদক/ প্রশাসক
...................................... এতিমখানা
সদরপুর, ফরিদপুর।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:</u>

১। পরিচালক (প্রতিষ্ঠান) অধিশাখা, সমাজসেবা অধিদপ্তর, আঁগারগাও ঢাকা।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা বেসরকারি ক্যাপিটেশন গ্র্যান্ট মনিটরিং কমিটি সদরপুর, ফরিদপুর
৫। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট সকল), সদরপুর, ফরিদপুর।
৬। ইউনিয়ন সমাজকর্মী (সকল) উপজেলা সমাজসেবা কার্যালয় সদরপুর।[তাঁকে চেকলিস্ট অনুযায়ী বিলগ্রহণের জন্য বলা হলো]
৭। অফিস কপি।

CamScanner

# ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বে-সরকারি এতিমখানার তথ্যবিবরণী- ডাটাবেইজ

| | | | |
|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | | | |
| **ঠিকানা** | | **নিবন্ধন নম্বর** | |
| **অর্থবছর** | ২০২৫-২৬ (বরাদ্দ অনুসারে-১ম কিস্তি ) | **অনুদানের পরিমাণ** | |
| প্রতিষ্ঠানে মোট ভর্তিকৃত শিশুর সংখ্যা | | এতিম শিশুর সংখ্যা | |
| | | সুবিধাবঞ্চিত শিশুর সংখ্যা | |
| ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত শিশুর সংখ্যা | | ভর্তি রেজিস্ট্রারে অন্তর্ভুক্ত শিশুদের প্রাপ্ত সনদ সংখ্যা | |
| সর্বশেষ কমিটি গঠনের তারিখ | | বর্তমান কমিটির মেয়াদোত্তীর্ণের তারিখ | |

**নীতিমালায় বর্ণিত চেকলিস্ট অনুসারে সংযুক্ত নথি-প্রমাণকের তালিকা**

| বিবরণ- | প্রতিষ্ঠান কর্তৃক পুরনীয় | অফিস কর্তৃক যাচাইকৃত |
|---|---|---|
| প্রতিষ্ঠানে মোট ভর্তিকৃত নিবাসী সংখ্যা | | |
| ভর্তি রেজিস্ট্রারে লিপিবদ্ধ নিবাসী সংখ্যা | | |
| প্রাপ্ত এতিম ও সুবিধাবঞ্চিত সনদ সংখ্যা | | |
| এতিম, বিচ্ছেদ ও সুবিধাবঞ্চিত প্রমাণক-প্রত্যয়ন/সনদে ইউপি চেয়ারম্যানের যথাযথ স্বাক্ষর আছে কিনা? | | |
| ভর্তি কমিটির সভার কার্যবিবরণী | | |
| ভর্তি কমিটি অনুমোদিত নিবাসী তালিকা | | |
| ক্যাপিটেশন অনুমোদন সভার কার্যবিবরণী | | |
| ক্যাপিটেশন গ্র্যান্ট ভুক্ত নিবাসী সংখ্যা | | |
| ক্যাপিটেশন গ্র্যান্ট ভুক্ত নিবাসীর তালিকা | | |
| ছবিযুক্ত ভর্তি রেজিষ্ট্রারে উপজেলা নির্বাহী অফিসার ও সমাজসেবা অফিসারের প্রত্যয়ন | | |
| ক্রয় কমিটির গঠন সংক্রান্ত সভার কার্যবিবরণী | | |
| খাদ্য বাবদ ১,৬০০/- টাকা, পোষাক বাবদ ২০০/- টাকা এবং ওষুধ ও অন্যান্য বাবদ ২০০/- টাকা মাথাপিছু হারে ব্যয় সংশ্লিষ্ট বিল-ভাউচার সমূহ | | |
| নির্বাহী কমিটি কর্তৃক অর্থব্যয় অনুমোদন সভার কার্যবিবরণী ও টি আর ফরম -২১ | | |
| বিগত ০২ (দুই) বছরের নিরীক্ষা প্রতিবেদন | | |
| ২৪ কলামের নিবাসীর সম্পূর্ণ তথ্যবিবরণী | | |
| নিবাসীগণ প্রাথমিক/সমমান/ তদুর্ধ্ব শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন সংক্রান্ত প্রত্যয়ন | | |
| বয়স প্রমাণে নিবাসীদের জন্মসনদ সংখ্যা | | |

CamScanner